



স্মারক নং : বাউবি/এসএসএস/একাডেমিক/প্রজ্ঞাপন/বিশেষ ২-১

তারিখ : ১৯/০৭/২০২০ খ্রিস্টাব্দ


একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

প্রজ্ঞাপন

বাউবির বিভিন্ন স্কুলের ডিন, বিভাগীয় প্রধান, আঞ্চলিক পরিচালকদের সংগে মাননীয় উপাচার্যের সভাপতিত্বে ২৯ জুন'২০২০ তারিখ, ০২, ০৩, ০৫, ০৬ এবং ০৭ জুলাই' ২০২০ তারিখ ছাড়াও আরো বেশ কিছু অনলাইন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় করোনা সংকটের কারণে দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে সকল স্কুলের একাডেমিক প্রোগ্রামের ভর্তি ও রেজিস্ট্রেশন ফি সংক্রান্ত বিষয়ে যে সকল সিদ্ধান্ত গৃহীত হয়, তা সকলের অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে নিম্নে উপস্থাপন করা হলো :

১. যে সকল প্রোগ্রামের ভর্তির আবেদন ফি ১০০ (একশত) টাকার বেশী সে সব প্রোগ্রামের আবেদন ফি শতকরা ৫০ ভাগ হ্রাস করা হলো।
২. সকল প্রোগ্রামের কোর্স ফি দুই কিস্তিতে আদায়যোগ্য। তবে ইতিমধ্যে অন্য কোন প্রোগ্রামের ক্ষেত্রে ভিন্ন কোন নির্দেশনা থাকলে সে নির্দেশনাই কার্যকর থাকবে। তবে কেউ ইচ্ছা করলে সমুদয় ফি এককালীন জমা দিয়ে ভর্তি/রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন।
৩. প্রতি বছরের মতো কোর্স ও পরীক্ষার ফি শতকরা ৫ ভাগ বৃদ্ধির সিদ্ধান্ত পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে।
৪. পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কোন প্রোগ্রামের ক্ষেত্রে বিলম্ব ফি প্রযোজ্য হবেনা।
৫. কোনো শিক্ষার্থী যথা সময়ে তথ্য না জানার কারণে যদি বাড়তি ফি প্রদান করে থাকে, তাহলে পরে তা সমন্বয় করা হবে।
৬. এসএসসি প্রোগ্রামের ১ম ও ২য় বর্ষের ভর্তি ও রেজিস্ট্রেশন কার্যক্রম যথাক্রমে অক্টোবর' ২০১৯ এবং জানুয়ারী' ২০২০ থেকে শুরু হয়েছে বিধায় তাদের ক্ষেত্রে পুনঃনির্ধারিত ভর্তি ও রেজিস্ট্রেশন-এর জন্য ইতোপূর্বে নির্ধারিত ফি (বৃদ্ধিসহ) বহাল থাকবে।
৭. এই আদেশ মার্চ' ২০২০ (যে সকল প্রোগ্রামের ভর্তি/রেজিস্ট্রেশন কার্যক্রম মার্চ'২০২০ থেকে শুরু হয়েছে) থেকে কার্যকর হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,


২০/৭/২০২০

(ড. আনিস রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে

১. রেজিস্ট্রার, বাউবি (বিষয়টি বিওজি'তে রিপোর্ট করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)।
২. ডিন, সকল (.....), বাউবি।
৩. পরিচালক, সকল (.....), বাউবি।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষাবিভাগ, বাউবি।
৫. সিস্টেম ম্যাজোর/পরিচালক, কম্পিউটারবিভাগ, বাউবি (বিষয়টি বাউবির ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করাছি)।
৬. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্তকর্মকর্তা, অডিট সেল, বাউবি।
৭. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর (মাননীয় উপাচার্য -এর সদয় অবগতির জন্য), বাউবি।
৮. আঞ্চলিক পরিচালক, সকল (.....), বাউবি।
৯. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান কেন্দ্র, বাউবি।
১০. উপ-পরিচালক, প্রোগ্রাম-উপাচার্যের দপ্তর (মাননীয় প্রোগ্রাম-উপাচার্য -এর সদয় অবগতির জন্য), বাউবি।
১১. উপ-পরিচালক, ট্রেজারার দপ্তর (মাননীয় ট্রেজারার -এর সদয় অবগতির জন্য), বাউবি।
১২. সংরক্ষণ নথি/সংশ্লিষ্ট নথি।